# কৈলাশ মানসরোবর যাত্রা—২০১৭

পররাষ্ট্রমন্ত্রক কর্তৃক আয়োজিত কৈলাশ মানসরোবর যাত্রার জন্য রেজিস্ট্রেশন শুরু হয়ে গিয়েছে ১ ফেব্রুয়ারি ২০১৭ থেকে। এ বছর যাত্রার দিন নির্ধারিত হয়েছে ১২ জুন থেকে ৮ সেপ্টেম্বর পর্যন্ত, দুই রুটে। এই যাত্রায় অংশ নেওয়ার জন্য অংশগ্রহণকারীর বয়স ১ জানুয়ারি, ২০১৭-এর হিসাবে সর্বনিম্ন ১৮ বছর থেকে সর্বোচ্চ ৭০ বছরের মধ্যে হতে হবে। নিবন্ধীকরণের (রেজিস্ট্রশনের) শেষ দিন ১৫ মার্চ, ২০১৭।

যাত্রার জন্য দুটি রুট নির্ধারিত। লিপুলেখ পাস (উত্তরাখণ্ড) দিয়ে একটি রুট, এই রুট দিয়ে যাওয়ার জন্য জনপ্রতি খরচ পড়বে প্রায় ১.৬ লাখ। এই পথে ১৮ টি ব্যাচ যাবে, প্রতি ব্যাচে ৬০ জন করে তীর্থযাত্রী থাকবেন। দিল্লিতে তিনদিনের প্রস্তুতিপর্ব-সহ মোট ২৪ দিনের যাত্রা করবে প্রতিটি ব্যাচ। এই রুট যাবে বেশ কিছু গুরুত্বপূর্ণ দিক দিয়ে, যেমন— নারায়ণ আশ্রম, পাটল ভুবনেশ্বর। এছাড়াও যাত্রীরা দেখতে পারবেন চাইয়ালেখ ভ্যালি বা 'ওম পর্বত'-এর প্রাকৃতিক সৌন্দর্য, যে পাহাড়ের উপর বরফ পড়ে প্রাকৃতিকভাবে তৈরি হয় 'ওম'-এর আকার।

নাথু লা পাস (সিকিম) রুটটি গাড়ি চলার জন্য এবং প্রবীন নাগরিক যাঁরা কষ্টসাধ্য ট্রেকিং করতে অক্ষম। গ্যাংটক থেকে এই রুটটি যাবে হাঙ্গু লেকের মতো অপূর্ব প্রাকৃতিক সৌন্দর্যের পাস দিয়ে এবং তীব্বতীয় মরুভূমির বিস্তীর্ণ প্রান্তরের মধ্য দিয়ে। এই পথ দিয়ে যেতে জনপ্রতি খরচ পড়বে প্রায় দু'লাখ, দিল্লিতে তিনদিনের প্রস্তুতিপর্ব-সহ মোট ২১ দিনের যাত্রা করবে প্রতিটি ব্যাচ। এই বছর মোট আটটি ব্যাচে প্রতিটিতে ৫০ জন করে তীর্থযাত্রী এই রুটে যাবেন।

গত বছরের মতো, চিকিৎসক এবং বিবাহিত যুগলদের অগ্রাধিকার দেওয়া হবে। প্রবীন নাগরিকদের নাথু লা পাস দিয়ে যাত্রার বিষয়ে অগ্রাধিকার দেওয়া হবে। চারজন একসঙ্গে যাওয়ার জন্য আবেদন করতে পারেন, শর্তসাপক্ষে। আবেদনকারী একটিকে অগ্রাধিকার দিয়ে দুটি রুটের উল্লেখই করতে পারেন, অথবা যে কোনও একটি রুট নির্বাচন করতে পারেন। কমপিউটারাইজ ড্রয়ের মাধ্যমে আবেদনকারীদের মধ্য থেকে রুট এবং ব্যাচ নির্ধারণ করা হবে।

ভারত সরকারের সঙ্গে জনগণ পুরোপুরি ডিজিট্যাল প্রযুক্তির মাধ্যমে যোগাযোগ

করতে পারবেন, এই যাত্রার জন্য রেজিস্ট্রেশন করা যাবে http://kmy.gov.in এই ওয়েবসাইটের মাধ্যমে। এটি পুরোপুরি অনলাইন প্রক্রিয়া। আবেদনকারীদের ব্যক্তিগত নথি জানানোর জন্য (ফটোপেজ) এবং ঠিকানা জানানোর জন্য (শেষ পাতা)— পাসপোর্টের এই দুটি পাতা স্ক্যান করে আপলোড করতে হবে এবং একটি ছবি লাগবে ফর্ম সম্পূর্ণ পূরণ করার জন্য। অনলাইন ফর্মে হিন্দি এবং ইংরেজিতে উপদেশ দেওয়া আছে, যা মেনে ফর্ম পূরণ করতে হবে। অসম্পূর্ণ ফর্ম নির্ধারিত তারিখের পর স্বংয়ক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

আবেদনকারীদের মধ্যে থেকে সুষ্ঠভাবে, কোনও উদ্দেশ্যহীনভাবে, কমপিউটার পদ্ধতির মাধ্যমে, লিঙ্গ সমতা বজায় রেখে নির্বাচন করা হবে। কমপিউটার পদ্ধতির মাধ্যমে নির্বাচনের পর ইমেল অথবা এসএমএস-এর মাধ্যমে নির্বাচিত আবেদনকারীদের জানিয়ে দেওয়া হবে। নির্বাচনের পর আবেদনকারীদের নিশ্চিতকরণের টাকা প্রদান করতে হবে উল্লিখিত ওয়েবসাইটের মাধ্যমে, যাত্রায় অংশগ্রহণ নিশ্চিত করতে। এছাড়াও আবেদনকারী হেলপলাইন নম্বর— ০১১-২৪৩০০৬৫৫-এর মাধ্যমে বিভিন্ন তথ্য এবং তাদের আবেদনের অবস্থান জানতে পারবেন।

**নয়াদিল্লি**

**ফেব্রুয়ারি ০১, ২০১৭**